'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 1st Semester Examination, 2023

## DSC1/2-P1-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ =১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের প্রথম অধ্যক্ষ কে ছিলেন ? তাঁর রচিত দুটি গ্রন্থের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

(খ) বাংলায় রচিত 'ত্রয়ী মহাকাব্য'-এর নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

(গ) 'পথের পাঁচালী' উপন্যাসের গ্রন্থকার কে এবং এটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল তা লেখো।

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের তিনটি ঐতিহাসিক নাটকের নাম প্রকাশকালসহ লেখো।

(ঙ) প্রাচীন বাংলা ভাষার সময়কাল, সাহিত্যিক নিদর্শন এবং একজন কবির নাম উল্লেখ করো।

(চ) অপিনিহিতি কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ =২৪

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের দু'জন দেশীয় পণ্ডিতের রচনার উল্লেখ করে বাংলা গদ্যের বিকাশে তাঁদের কৃতিত্ব বুঝিয়ে দাও।

(খ) ঈশ্বর গুপ্তকে যুগসন্ধির কবি বলার কারণ হিসেবে তিনটি যুক্তি তাঁর কবিতা থেকে উপযুক্ত উদ্ধৃতিসহ বুঝিয়ে দাও।

(গ) পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান উল্লেখ করো।

(ঘ) সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) তুমি বাংলার কোন্ উপভাষা অঞ্চলে বসবাস করো ? এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ উল্লেখ করো।

(চ) বাংলা শব্দভাণ্ডারে বিদেশী শব্দের উপরে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ =২৪

(ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(খ) বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের কৃতিত্বের পরিচয় দাও।

(গ) বাংলা গীতিকাব্যের জগতে কাকে 'ভোরের পাখি' আখ্যা দেওয়া হয়েছে ? তাঁর কবিকৃতিত্ব আলোচনা করো।

(ঘ) শব্দার্থ পরিবর্তনের ধারা উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো।

——×——